58

দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 10 1999
পৃষ্ঠা ৩ কলাম ৩

# মাদ্রাসা শিক্ষা বন্ধে সরকারের ষড়যন্ত্রের বিরুদ্ধে দেশব্যাপী প্রতিবাদের ঝড়

## খুলনায় ১শ' আলেমের প্রতিবাদ

খুলনা ব্যুরো ঃ মাদ্রাসা শিক্ষা বন্ধে সরকারের অতীব পাঁয়তারা এবং বহু মাদ্রাসার স্বীকৃতি ও এমপিওভুক্ত বাতিলের সরকারী হীন পদক্ষেপের বিরুদ্ধে খুলনা ওলামা মাশায়েখ কমিটি তীব্র প্রতিবাদ জানিয়েছে। ১শ' আলেম এক যুক্ত বিবৃতিতে এই প্রতিবাদ জানান।

বিবৃতিতে, সরকারের এহেন চক্রান্তের প্রতিবাদে মুসলিম উম্মাহকে ঐক্যবদ্ধ হয়ে রুখে দাঁড়াতে জোর আহবান জানিয়ে বিবৃতিদাতারা বলেন, এ সরকার ক্ষমতাসীন হয়ে ইসলাম ও মাদ্রাসা শিক্ষাকে দেশ থেকে চিরতরে ধ্বংসের পাঁয়তারা চালিয়ে আসছে। বিবৃতিতে হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, আল ওয়ালিদের চারণভূমিতে হাজার হাজার বছরের গড়ে ওঠা মক্তব-মাদ্রাসা ধ্বংস করতে সাম্রাজ্যবাদী শক্তি যে ষড়যন্ত্র করছে তার সমুচিত জবাব দিতে তৌহিদী জনতা আজ ঐক্যবদ্ধ। সরকারের মাদ্রাসা শিক্ষা বন্ধের অপচেষ্টা যে কোনো মূল্যে প্রতিহত করা হবে।

## সিলেটে বিভিন্ন ব্যক্তি ও সংগঠনের নিন্দা ক্ষোভ

সিলেট অফিস ঃ ৯০ ভাগ মুসলমান অধ্যুষিত এই দেশে মাদ্রাসা শিক্ষা বন্ধ হলে এ দেশের মুসলিম জনতা নীরব দর্শকের ভূমিকা পালন করবে না। ঈমানী শক্তি নিয়ে আন্দোলনে ঝাঁপিয়ে পড়বে। পরবর্তী পরিস্থিতির জন্য সরকারকে দায়ী থাকতে হবে। ফুলতলীর পীর ছাহেব সম্প্রতি সিলেটে ফেঞ্চুগঞ্জ থানার মাইজগাঁওয়ে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। এদিকে আঞ্জুমানে আল ইসলাম সিলেট মহানগর শাখার সভাপতি আলহাজ্ব গৌছুল হক, সহ-সভাপতি আলহাজ্ব আব্দুর রশীদ ও মাওলানা আবদুল মুমিন এবং সাধারণ সম্পাদক মাওলানা আব্দুল কুদ্দুছ এক যুক্ত বিবৃতিতে সরকার কর্তৃক মাদ্রাসা শিক্ষাকে ধ্বংস করার লক্ষ্যে ৪ হাজার মাদ্রাসার স্বীকৃতি ও শিক্ষকদের বেতন বাতিলের সিদ্ধান্তে তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে বলেন, এই সিদ্ধান্ত প্রত্যাহার না করলে সরকারের পরিণতি হবে ভয়াবহ। তারা মাদ্রাসা শিক্ষা ধ্বংসের ষড়যন্ত্র বন্ধের আহবান জানান। বাংলাদেশ জাতীয় ইমাম সমিতি সিলেট জেলা শাখার সভাপতি মাওলানা একেএম আব্দুর রজ্জাক চৌধুরী ও সাধারণ সম্পাদক মাওলানা আব্দুর রহিম এক যুক্ত বিবৃতিতে অবিলম্বে মাদ্রাসাসমূহের এমপিওভুক্তি বন্ধ করার সরকারী সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানান। তারা বলেন, এই সিদ্ধান্ত মূলত ইসলামী শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের অংশ। বক্তারা এবতেদায়ী শিক্ষার বৈষম্য দূর করারও দাবী জানান। ইসলামী ছাত্রসেনার কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মুহাম্মদ আলী ফারুকী বলেছেন, সরকার মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে সিদ্ধান্ত নিয়ে নিজেকে মুসলিম বিদ্বেষী হিসেবে প্রমাণ করেছে। সংগঠনের সিলেট জেলা শাখার সভায় তিনি এ কথা বলেন। ছাত্র জমিয়ত কেন্দ্রীয় সহ-সভাপতি নজরুল ইসলাম ও কেন্দ্রীয় সহ-সাধারণ সম্পাদক আব্দুল মালিক চৌধুরী এবং সিলেট শহর শাখার সাধারণ সম্পাদক জুনেদ আহমদ এক যুক্ত বিবৃতিতে বলেন, যারা মাদ্রাসা শিক্ষা বন্ধ করতে চায় তারা ইসলাম ও জাতির শত্রু। বিবৃতিদাতারা বলেন, বৃটিশ বেনিয়ারা এক সময় মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষযড়ন্ত্র করে উপমহাদেশ ছাড়তে বাধ্য হয়েছিল। তেমনি বর্তমান সরকারও ষড়যন্ত্র বন্ধ না করলে তার পরিণতিও শুভ হবে না। সিলেট জেলা যুবদল নেতা এমএ করিম অপর এক বিবৃতিতে বলেন, আওয়ামী সরকার ইতিহাস থেকে শিক্ষা নিয়ে মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে আরোপিত আদেশ প্রত্যাহার করবে। অন্যথায় এর পরিণতি ভয়াবহ রূপ ধারণ করবে।

## মাদ্রাসার স্বীকৃতি ও এমপিও বাতিলের সরকারী আদেশ প্রত্যাহার করুন

### —মৌলভীবাজার ও নরসিংদী জেলার শিক্ষকবৃন্দ

প্রেস বিজ্ঞপ্তি ঃ দেশের বহু মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার এবং এমপিও বাতিলের সরকারী আদেশে ধর্মপ্রাণ মুসলমানসহ হাজার হাজার মাদ্রাসা শিক্ষক ও ছাত্রদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। মৌলভীবাজার জেলা ও নরসিংদী জেলার বিভিন্ন মাদ্রাসার পক্ষে শিক্ষকগণ এই সরকারী আদেশ প্রত্যাহারের দাবী জানিয়েছেন। এক যুক্ত বিবৃতিতে তারা বলেন, সংসদে শিক্ষামন্ত্রীর বক্তব্য তথ্যভিত্তিক নয়। কারণ মাদ্রাসা বোর্ড সংশ্লিষ্ট মাদ্রাসাসমূহের স্বীকৃতি বাতিল করেনি। ওদিকে, সরকারী আদেশে স্থগিত শব্দ নেই। অন্যদিকে বর্তমান সরকার ক্ষমতায় আসার পর '৯৭ সালের অযৌক্তিকভাবে বানানো নীতিমালা দিয়ে একতরফাভাবে মাদ্রাসা সার্ভের নামে বিনা নোটিশে সরাসরি শিক্ষা মন্ত্রণালয় থেকে স্বীকৃতি প্রত্যাহার ও এমপিও বাতিলের আদেশ জারি করা হয়েছে। যার প্রমাণও রয়েছে। নেতৃবৃন্দ অবিলম্বে অযৌক্তিকভাবে প্রত্যাহারকৃত স্বীকৃতি পুনর্বহাল ও এমপিও জারি করার আদেশ প্রদানের জোর দাবী জানান।

গাজীপুর জেলার কালীগঞ্জ থানার মাদ্রাসার শিক্ষক ও দ্বীনদার মুসলমানদের পক্ষে এই বিবৃতিতে স্বাক্ষর করেন মাওলানা যাইনুল আবেদীন, মাওলানা মুহাঃ ইউনুস, মাওলানা নজরুল ইসলাম আল মারুফ, মাওলানা গিয়াস উদ্দিন প্রমুখ।